

বায়ান্নর দিনগুলো
-শেখ মুজিবুর রহমান

উদ্দেশ্য/শিখনফল
প্রবন্ধটি পড়ার পর শিক্ষার্থী-

- ক. লেখকের ঘটনাবহুল, ত্যাগী ও সংগ্রামী জীবন সম্পর্কে জানতে পারবে।
খ. মুক্তিযুদ্ধের আদর্শে বাংলাদেশ গড়ার অনুপ্রেরণা পাবে।
গ. লেখকের অন্যান্য লেখা এবং তাঁর সম্পর্কে লেখা অন্যদের বইপুস্তক পড়তে আগ্রহী হবে।
ঘ. লেখক সম্পর্কে মূল্যায়ন করতে পারবে।

পাঠ - ০১

লেখক-পরিচিতি

০১. জন্ম : ১৭ মার্চ, ১৯২০।
০২. জন্মস্থান : টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
০৩. প্রখ্যাত রাজনৈতিক নেতা এবং স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রের স্থপতি।
০৪. মৃত্যু : ১৫ আগস্ট, ১৯৭৫।

পাঠ-পরিচিতি

- উৎস : প্রবন্ধটি লেখকের 'অসমাপ্ত আত্মজীবনী' বইয়ের অংশবিশেষ।
শ্রেণি (Type) : এটি একটি স্মৃতিকথামূলক প্রবন্ধ।
বিষয় (Content) : লেখক মূলত একজন রাজনীতিবিদ। তিনি এখানে ১৯৫২-তে ভাষা আন্দোলনের দিনগুলোতে তার জেলজীবন ও মুক্তিলাভের স্মৃতি বর্ণনা করেছেন। মুক্তি পেয়ে স্বজনদের কাছে ফিরে যাওয়ার মর্মস্পর্শী বিবরণও এতে স্থান পেয়েছে।

মূলপাঠ: সংকেত

- ক. জেলখানা- ১ (ঢাকা সেন্ট্রাল জেল), খ. জেলখানা-২ (ফরিদপুর জেল), গ. জেল থেকে মুক্তি এবং টুঙ্গিপাড়ায় পরিবারের সান্নিধ্যে কিছুদিন।
প্রধান ও অপ্রধান চরিত্রসমূহ:
জেল সুপার (আমির হোসেন), ডেপুটি জেলার (মোখলেসুর রহমান), মহিউদ্দিন আহমেদ (রাজনৈতিক সহকর্মী), শেখ লুৎফর রহমান (লেখকের বাবা), রেণু (লেখকের স্ত্রী), ডেপুটি জেলার (ফরিদপুর জেল), হাচু (লেখকের শিশুকন্যা), কামাল (লেখকের শিশুপুত্র)।

শব্দার্থ ও টীকা

শব্দার্থ:

অনশন ধর্মঘট- কোনো ন্যায্য দাবি পূরণের লক্ষ্যে একটানা আহার বর্জনের সংকল্প । Hunger Strike
সুপারিনটেনডেন্ট- তত্ত্বাবধায়ক (Superintendent) । সংক্ষেপে সুপার (Super) বা জেল সুপার
(Jail super) ।

পুরিসিস- বক্ষব্যাধি ।

রেগু- ফজিলাতুন্নেছা মুজিব, লেখকের স্ত্রী ।

আমলাতন্ত্র-রাষ্ট্রীয় প্রশাসনে সরকারি কর্মকর্তাদের কর্তৃত্বমূলক ব্যবস্থা ।

রেডিওগ্রাম- বেতারবার্তা (radiogram) ।

প্রকোষ্ঠ- ঘর বা কুঠরি ।

টীকা:

ক. 'অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করে যদি মরতে পারি, সে মরাতেও শান্তি আছে ।'

খ. 'মানুষের যখন পতন আসে, তখন পদে পদে ভুল হতে থাকে ।'

গ. 'জনমতের বিরুদ্ধে যেতে শোষণকরাও ভয় পায় ।'

পাঠোত্তর মূল্যায়ন

বহুনির্বাচনি প্রশ্ন ও সৃজনশীল প্রশ্ন

বিভিন্ন বোর্ড (২০১৬ - ২০১৯)